



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ০১(৮৯৬)জাতীয়বিঃ/প্রশাঃ/২০১০(অংশ-৩)/১/ ৭৫৮

তারিখ : ২১ আশ্বিন ১৪২৬
২১ সেপ্টেম্বর ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদে নিয়োগের লক্ষ্যে জনস্বত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহ্বান করা যাইতেছে :

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল (গ্রেড), পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহযোগী অধ্যাপক (বাংলা) পদের সংখ্যা : ০১ (এক) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০ (গ্রেড-৪)	সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি/সমমানের ডিগ্রী থাকিতে হইবে। অনার্স ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাইবেন। অনার্স ও মাস্টার্স পর্যায়ে মোট ১০ (দশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা; তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে শিক্ষকতা/সমমানের পদে গবেষণার ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। পিএইচ.ডি ডিগ্রী নাই, অথচ কমপক্ষে ১৪ (চৌদ্দ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা রহিয়াছে, এমন প্রার্থীগণও আবেদন করিতে পারিবেন। অনার্স অথবা মাস্টার্স পর্যায়ে ১ম শ্রেণী থাকিতে হইবে; তবে বিভাগীয়/অন্য কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এ শর্ত শিথিল করা যাইতে পারে। স্বীকৃতমানের জার্নালে প্রকাশনা অবশ্যই থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হইবে না।

শর্তাবলী :


- আগ্রহী প্রার্থীদের আগামী ২৮-১০-২০১৯ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ২৯-০৯-২০১৯ তারিখ হইতে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাইবে।
- চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জাতীয়তা সনদপত্র, চাকুরীরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।
- বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সমতা নিরূপণ সনদপত্র এবং প্রকাশনার (যদি থাকে) সমর্থনে সত্যায়িত প্রমাণক-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।
- আবেদন করার শেষ তারিখে (২৮-১০-২০১৯) প্রার্থীদের বয়স উল্লেখিত বয়সসীমার মধ্যে হইতে হইবে।
- প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষা/নির্বাচনী বোর্ড-এর তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।
- রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় বর্ণিত পদের জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সোনালী সেবার পে-স্লিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।

পে-স্লিপ সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে Pay-slip ডাউনলোড করে সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকের যেকোন শাখায় জমা দিতে হইবে।

- Online Application Form পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে


26.09.19
(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়